তারিখ 7 MAY 2017

### শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভা

# ৩০ জুনের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ দাবি

আগামী ৩০ জুনের মধ্যে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা জাতীয়করণ করা না হলে কঠোর আন্দোলন কর্মসূচি দেওয়া হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছে 'শিক্ষক-কর্মচারী ঐক্যজোট'।

গতকাল শনিবার নয়াপল্টনের ৫৪, ইনার সার্কুলার রোডে ঐক্যজোটের সঙ্গে বাংলাদেশ শিক্ষক সমিতি ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির এক যৌথ সভায় শিক্ষক নেতারা এ হুঁশিয়ারি দেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আবদুর রাজ্জাক এতে সভাপতিত্ব করেন। সভা পরিচালনা করেন সংগঠনের মহাসচিব অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া। বক্তব্য রাখেন বাকশিস সভাপতি প্রিন্সিপাল রেজাউল করিম, মহাসচিব চৌধুরী মুগীস উদ্দিন মাহমুদ, কেন্দ্রীয় নেতা মো. জাকির হোসেন, এস.এ ছফা চৌধুরী, অধ্যক্ষ সেলিম মিঞা, অধ্যক্ষ নিজামউদ্দিন তরফদার, অধ্যাপক তফাজ্জল হোসেন বাদল, শহীদুল ইসলাম, ফজলুল হক, অধ্যাপক হাসিম তালুকদারসহ ৩৬ জন কেন্দ্রীয় নেতা।

শিক্ষক কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া বলেন, শিক্ষামন্ত্রীর কথায় ও কাজে কোনো মিল নেই। শিক্ষার দুর্নীতি সব সেক্টরকে হার মানিয়েছে। বৈশাখী ভাতা, ৫% বর্ধিত বেতন, ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তিকরণ এবং ছাত্রছাত্রীদের সরকার কর্তৃক টিফিন প্রদানের ঘোষণার জন্য তিনি সরকারের প্রতি আহ্বান জানান। অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের প্রাণের দাবি চাকরি জাতীয়করণ এখন সময়ের দাবি। তিনি ৩০ জুনের মধ্যে চাকরি জাতীয়করণ ঘোষণার দাবি জানান। ৩০ জুনের মধ্যে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সব দাবি পূরণ না হলে নেতৃবৃন্দ কঠোর কর্মসূচি দেওয়া হবে বলে ঘোষণা দেন। সংবাদ বিজ্ঞপ্তি।